

১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

ডেনিস সাক্ৰান (Dennis Saffran) (R, C, REF)

হাই, আমি Dennis Saffran। আমার স্ত্রী Jane ও আমি ১৫ বছর ধরে নর্থইষ্ট কুইন্স এ বসবাস করছি, এখানে আমাদের সন্তানদেরকে বড় করেছি এবং কমিউনিটিতে সক্রিয় ছিলাম। যে কারণে আমি সিটি কাউন্সিলের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছি তা হল এখানে আমরা যারা আছি তাদের নিরাপদ ও গুণগত মানসম্পন্ন জীবনযাত্রা নিশ্চিত করা। Rudy Giuliani এর এন্টি ক্রাইম এবং কোয়ালিটি অব লাইফ রিফর্মস আদর্শকে সহায়ক করে আমি একটি জনহিতকর গ্রুপ গঠন করে আমাদের প্রতিবেশীদের নিরাপদ জীবনযাত্রা আনয়নে সমর্থ হয়েছিলাম এবং এই সংস্কারমূলক কাজগুলো মাথায় রেখে আমি এই সিটিকে গড়ে তুলতে চাই। আমি অত্যন্ত দৃঢ়তার সাথে Ray Kelly এর “Stop and Frisk” নীতি সমর্থন করি। অবশ্যই এই স্টপ হতে হবে ভদ্রজনোজিত এবং মার্জিত। কিন্তু শেষ কথা হলো তারা রাস্তা থেকে বন্দুক সরিয়ে জীবন রক্ষা করেছে। আমি অত্যন্ত জোবের সাথে এন্টাই প্রফাইলিং বিল এর বিরোধিতা করছি যার ফলে পুলিশেরা সন্দেহভাজন অপরাধীদের চিহ্নিত করতে বাধাপ্রাপ্ত হচ্ছে। প্রতিটি সমাজ সেবামূলক সংগঠনের প্রতি অবশ্যই আমাদের সমর্থন আছে, এবং শ্রদ্ধাবোধ আছে কিন্তু তাই বলে সাধারণ বিবেকবোধকে পদদলিত করতে বা আইন প্রয়োগকারী সংস্কার বিনাশ ঘটাতে পারিনা। অনাগরিকদের ভোটারাধিকার বিলেরও আমি কড়ের বিরোধী। আমি ইমিগ্রেশনে বিশ্বাসী কিন্তু এই বিলটি আমেরিকান সিটিজেনসিপের ধারণার উপর একটি আক্রমণ যা ইমিগ্রেশন জাতি হিসাবে আমাদেরকে এক বন্ধনে বেধে রেখেছে। আমাদের জীবন যাত্রার গুণগত মানের সংরক্ষণ করার অর্থ উন্নতমানের শিক্ষা ব্যাবস্থাকেও বুঝায় এতে কোন সন্দেহ নেই। স্কুল ডিস্ট্রিক্ট ২৫ ও ২৬ কে পর্যাপ্ত আর্থিক সহায়তার জন্য আমি লড়ে যাব, এবং নগরীর বিশেষ ধরনের বিদ্যালয়গুলোকে আইনী মার প্যাছের হাত থেকে রক্ষার্থে আমি সাধ্যতীত চেষ্টা চালিয়ে যাব যাতে এই সকল স্কুলে ভর্তিচ্ছু শিশুরা আরোপিত সাম্প্রদায়িক কোটা নীতির কারণে কঠোর পরিশ্রম করে আসছে। সর্বোপরি, দুদলেই যখন কলঙ্ক রয়েছে, আমি অখন্ডতার ঐতিহ্য পুনরুদ্ধার করতে চাই যাহা আমার রাজনৈতিক বিজ্ঞ পরামর্শদাতাগণ, রিপাবলিকান সিনেটর Frank Padavan, এবং ডেমোক্রেটিক এসেম্বলী ওম্যান Nettie Mayersohn, এবং তারা এমন কঠোর ভাবে কাজ করবেন যেমন তারা আমাদের কমিউনিটির জন্য করেছিলেন।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।